

মৎস্য আর বেগুন লইয়া প্রাতঃকালে।
 'বাবা জগবন্ধু' বলি ওড়াকান্দী চলে।।
 পথে যেতে ডাকে 'কোথা বাবা জগবন্ধু'।
 উথলিল তাহার হৃদয়ে প্রেম-সিন্ধু।।
 এইভাবে পথে ডাক ছাড়িতে ছাড়িতে।
 উপনীত হৈল ওড়াকান্দীর বাড়ীতে।।
 প্রণমিয়া জিজ্ঞাসিল লক্ষ্মীমাতা ঠাই।
 বলিলেন শান্তি দেবী 'প্রভু বাড়ী নাই।'
 বুদ্ধি কহে 'জগবন্ধু কোথায় আমার?'
 মাতা বলে 'গিয়াছেন রাউৎখামার।।
 আজ্ঞা দিল লক্ষ্মীমাতা 'যাহ তুমি তবে।
 এনেছ বেগুন মৎস্য উহা কেবা খাবে?
 অস্তুর্যামিনী কমলা জেনে মনোভাব।
 বলে 'বুদ্ধি! তোর শুদ্ধ ভক্তের স্বভাব।।
 তুই মোর প্রাণাধিক তুই মোর প্রাণ।
 তোর মুখে প্রভু করে অন্ন জল পান।।
 এনেছ যে বেগুন 'বুনোর' ভাত খেয়ে।
 বুড়ীর পায়ের ধুলা অঙ্গেতে মাখিয়ে।।
 কত কষ্টে এনেছ বিলের কই ধরি।
 মানসে মানসা তোর ভোজ ল'বে হরি।।
 এমন ভক্তির মাছ ভক্তির বেগুন।
 ঠাকুর না খেলে হ'বে বেগুনে বিগুন।'
 ব্যস্ত হ'য়ে বুদ্ধি কহে 'শুন গো জননী।
 রাখ তব অর্ধ অংশ হরি অর্ধাঙ্গিনী।'
 সেই মাছ তরকারী অর্ধ অর্ধ রেখে।
 রাউৎখামার চলে মনের পুলকে।।
 ঠাকুর ছিলেন রামসুন্দরের বাড়ী।
 দণ্ডবৎ কৈল গিয়া শ্রীচরণে পড়ি।।
 মন জেনে অস্তুর্যামী বলিল তখন।
 'কোথা হতে এলি বাছা এত ব্যস্ত কেন।।'
 বুদ্ধি কহে 'বালা বাড়ী চল দয়াময়।
 তাহা হ'লে আমার অভীষ্ট পূর্ণ হয়।।

এনেছি মাছ তরকারী মনে আছে তাক*।
 অস্তুর বালার ভার্য্যা করিবেন পাক।।
 আপনি করুন সেবা ভক্তবৃন্দ ল'য়ে।
 কমলাখি তাহা দেখি যাই সুখী হ'য়ে।।
 বুধইর নৌকা' পরে উঠে দয়াময়।
 বালাদের বাড়ী গিয়া হ'লেন উদয়।।
 অস্তুরের স্ত্রীর কাছে বুদ্ধিমন্ত গিয়া।
 বিনয় করিয়া বলে চরণ ধরিয়া।।
 যেভাবে আনিল তাহা বলিল তখন।
 'বলে মাতা ভাল করে করগে রন্ধন।'
 অস্তুর বালার ভার্য্যা গুনে চমকিতা।
 'আমি কি করিব পাক ভয়ে হই ভীতা।'
 ভয়-ভীতা শ্রদ্ধাশ্রিতা ভক্তির সহিতে।
 পাক করি ঠাকুরে বলিল জোড়হাতে।।
 সেবায় বসিল প্রভু ভক্তগণ ল'য়ে।
 প্রেমানন্দে বুদ্ধিমন্ত বেড়ায় নাচিয়ে।।
 স্ত্রীর সঙ্গে অস্তুর করে পরিবেশন।
 ভক্ত সঙ্গে মহাপ্রভু করেন ভোজন।।
 ভোজনান্তে মহাপ্রভু করে আচমন।
 সভা করি বসিলেন ল'য়ে ভক্তগণ।।
 গিরি কীর্তনীয়া আর মথুর দু'জনে।
 গোবিন্দ মতুয়া আদি বালারা স্বগণে।।
 শ্রীরাম সুন্দর আর গুরগাঁদ ঢালি।
 ঠাকুর নিকটে সুখে বসিল সকলি।।
 পাকের প্রশংসা আর মৎস্য বেগুন।
 ভোজনান্তে সবে প্রকাশিছে তার গুণ।।
 সুন্দর বেগুন আর মৎস্যের আশ্বাদ।
 হয় নাই হবে না'ক এমন সুশ্বাদ।।
 ঠাকুর জিজ্ঞাসা করে বুদ্ধিমন্ত ঠাই।
 "এ বেগুন কোথায় পাইলে বল তাই।"

* তাক—লক্ষ্য, ইচ্ছা।